দৈনিক বাংলা

তারিখ 21 JAN 1996
পৃষ্ঠা ৭২ কলাম ৭

# মফস্বল শহরেও বইমেলা জনপ্রিয় হয়েছে

এ টি এম নিজাম ঃ কিশোরগঞ্জ।– এবার বিপুল উদ্দীপনা–উৎসাহ ও বিভিন্ন আচার–অনুষ্ঠানের মধ্যে কিশোরগঞ্জে বইমেলা সমাপ্ত হয়েছে। প্রতিদিন মেলায় আগত বিভিন্ন শ্রেণীর উপচে পড়া লোক সমাগমে স্পষ্ট হয় যে, বইমেলা ইতিমধ্যেই এই মফস্বল শহরে জনপ্রিয়তা অর্জনে সক্ষম হয়েছে।

মফস্বলে বইমেলার ও বই পড়ার আনন্দ পৌঁছে দেয়ার জন্য সরকারের নির্দেশে জাতীয় গ্রন্থকেন্দ্র গত বছর থেকে দেশের প্রতিটি জেলায় এই বইমেলার আয়োজন করছে। ফলে এসব মফস্বল শহর থেকে যেসব লোকজনকে একদিন বইমেলার আনন্দ ও বিভিন্ন আচার–অনুষ্ঠান উপভোগ করতে রাজধানীতে যেতে হত সেসব লোকজন এখন পরিবার–পরিজন নিয়ে জেলা শহরেই এ আনন্দ উপভোগ করতে পারছে। উপরন্তু বই পড়ার ও কেনার প্রতিও আগ্রহী হচ্ছে এই মফস্বলের বিভিন্ন শ্রেণীর লোকজন।

এবারকার এই বইমেলা উপলক্ষে গত ৩১ ডিসেম্বর সকালে কিশোরগঞ্জের জেলা প্রশাসক, মোঃ ফজলুল হকের নেতৃত্বে একটি র‍্যালী পুরাতন কালেক্টরিয়েট চত্বর থেকে শহর প্রদক্ষিণ করে। এতে অংশ নেয় সরকারী কর্মকর্তা, বিভিন্ন স্কুল–কলেজের শিক্ষক–শিক্ষয়িত্রী, ছাত্র–ছাত্রী, সাংবাদিক ও বিভিন্ন শ্রেণীর অসংখ্য মানুষ। ১ জানুয়ারী বিকালে সাড়ে চারটায় পুরাতন কালেক্টরিয়েট ভবনের বিশাল চত্বরে জেলা প্রশাসক এ মেলার উদ্বোধন করেন।

এবার মেলায় মোট ২৮টি স্টল তৈরি হয়েছিল। মেলার মাঝখানে ছিল বিশাল সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনার মঞ্চ। স্টলের মধ্যে বিশ্ব সাহিত্য কেন্দ্র, ইসলামিক ফাউন্ডেশন, ব্র্যাক ও শিশু একাডেমীর স্টলসহ বেশকিছু স্থানীয় লাইব্রেরীও বিপুল সম্ভার নিয়ে এ মেলায় হাজির হয়েছে। প্রতিদিন সন্ধ্যায় বিভিন্ন গোষ্ঠী কর্তৃক পরিবেশিত হয়েছে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

এছাড়া স্থানীয় নাট্যগোষ্ঠী একতা কর্তৃক এই মঞ্চে মঞ্চস্থ হয় 'একটি অবাস্তব গল্প', সুদীপ্ত কর্তৃক 'কঞ্জুস' সৌখিন শিল্পাঙ্গন কর্তৃক 'লড়াই' ও স্বরবর্ণ কর্তৃক 'মরা মানুষের পাঠশালা'।

বুকস্টলগুলোতে নিয়োজিত লোকজনের সঙ্গে কথা বলে জানা গেছে, এবার গতবারের তুলনায় দ্বিগুণ বই বিক্রি হচ্ছে। বই অনুরাগীদের ভিড়ও ছিল উল্লেখ করার মত। মেলায় আগত জনৈক বইপ্রেমিক জানান, বইমেলার আনন্দ উপভোগ ও বই কেনার জন্য তিনি প্রতি ফেব্রুয়ারী মাসে ঢাকার বইমেলায় যেতেন। কিন্তু গত বছর থেকে এ জেলা সদরে বইমেলার আয়োজন করায় সপরিবারে বইমেলায় আসছেন। তাঁর মতে, এ আয়োজনের ফলে এখন বইমেলার ও বই পড়ার আনন্দ রাজধানী থেকে দূরে দেশের গণ্ডগ্রামে ছড়িয়ে পড়ছে।